আমরা চিত্র অতি বিচিত্র,
অতি বিশুদ্ধ, অতি পবিত্র ।
আমাদের যুদ্ধ নহে কেহ ক্রুদ্ধ ।
ওই দেখো গোলাম অতিশয় মোলাম ।
নাহি কোনো অস্ত্র খাকি-রাঙা বস্ত্র ।
নাহি লোভ, নাহি ক্ষোভ ।
নাহি লাফ, নাহি ঝাঁপ ।
যথারীতি জানি, সেই মতো মানি ।
কে তোমার শত্রু, কে তোমার মিত্র ।
কে তোমার টক্কা, কে তোমার ফক্কা ॥

---

Parjaay: Natya-geeti, Taal: Kaharwa, Raag: Bhupali
Visit www.geetabitan.com for notation and other detail